

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


মনিটরিং পরিদর্শন প্রতিবেদন।

- ১। কর্মসূচির নাম : “পানিতে ডুবে যাওয়া প্রতিরোধকল্পে শিশুদের সঁতার প্রশিক্ষণ” শীর্ষক কর্মসূচি।
- ২। কর্মসূচির এলাকা : মুন্সিগঞ্জ জেলার সদর, লৌহজং ও মীরকাদিম পৌরসভা, জেলার সুনামগঞ্জ সদর, দোয়ারা বাজার ও দক্ষিণ সুনামগঞ্জ উপজেলা এবং সিরাজগঞ্জ জেলার বেলকুচি, তাড়াশ ও কাজীপুর উপজেলা।
- ৩। বাস্তবায়নকাল : ২০১৮-২০১৯ হতে ২০২০-২০২১ খ্রিঃ।
- ৪। বাস্তবায়নকারী সংস্থার নাম : পিপলস এডুকেশন হেলথ এ্যান্ড ডেভেলপমেন্ট (পিইএইচডি) ফাউন্ডেশন।
- ৫। কর্মসূচির মোট প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) : ২৫৭.০০ লক্ষ (দুই কোটি সাতান্ন লক্ষ) টাকা।
- ৬। কর্মসূচির মূল কার্যক্রমসমূহ : শিশুদের সঁতার প্রশিক্ষণ প্রদান করা।
- ৭। কর্মসূচির অঙ্গাণুকারী বাস্তবায়ন অগ্রগতি : (ক) আর্থিক (লক্ষ টাকায়): ২০১৯-২০২০ অর্থ বছরে ১ম ও ২য় কিস্তিতে বরাদ্দ ৪৪.৫০ লক্ষ টাকা।
(খ) বাস্তব (%): সর্বমোট প্রশিক্ষণ বাবদ ব্যয় ৪২.৪২ লক্ষ টাকা (৯৫.৩২%)।
- ৮। কর্মসূচির বিরাজমান সমস্যাসমূহ : তেমন কোন সমস্যা পরিলক্ষিত হয়নি।
- ৯। সমস্যাসমূহ সমাধানের উপায়/সুপারিশসমূহ : ক) কর্মসূচি হতে সরবরাহকৃত প্রশিক্ষণ উপকরণ সঠিকভাবে ব্যবহার করা হচ্ছে কিনা, তা নিয়মিত মনিটরিং করতে হবে।
খ) শিশুদের সঁতার প্রশিক্ষণে উদ্বুদ্ধ করতে হবে।
গ) লক্ষ্যমাত্রা অনুযায়ী চলতি অর্থবছরের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য সচেষ্ট থাকতে হবে।
- ১০। অন্যান্য (যদি থাকে) : মনিটরিং কমিটির সভাপতি কর্তৃক গত ২৮ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ বেলা ১০.০০ ঘটিকায় সুনামগঞ্জ সদর উপজেলার হাসান নগর ইউনিয়নের বুড়িস্তল গ্রাম এবং বেলা ১২.৩০ ঘটিকায় দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার দরগাপাশা ইউনিয়নের শিসনী গ্রামের সঁতার প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে কর্মসূচি পরিচালক ও সিনিয়র সহকারী সচিব পাপিয়া ঘোষ এবং বাস্তবায়নকারী সংস্থা পিইএইচডি’র প্রেসিডেন্ট ও সাধারণ সম্পাদক রোকাইয়া রওশন উপস্থিত ছিলেন। প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকগণকে কর্মসূচির উদ্দেশ্য নিয়ে মনিটরিং কমিটির সভাপতি দিক নির্দেশনামূলক বক্তব্য দেন এবং সকল শিশুদের প্রতি সতর্ক দৃষ্টি রেখে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার কথা বলেন। স্থানীয় অভিভাবকদের সাথে সঁতারের প্রয়োজনীয়তা ও সচেতনতা নিয়ে মত

বিনিময় করেন। এছাড়া, কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি নিয়েও কর্মসূচি পরিচালক ও বাস্তবায়নকারী সংস্থা “পিপলস এডুকেশন হেলথ এ্যান্ড ডেভেলপমেন্ট (পিইএইচডি) ফাউন্ডেশন”-এর কর্মকর্তাদের সাথে আলোচনা করেন। আলোচনাকালে মনিটরিং কমিটির সভাপতিকে জানানো হয় ২০১৯-২০২০ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষমাত্রা ২৮,০০০ জন শিশু। সে অনুযায়ী ১৮,০০০ হাজার শিশুর প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট সময়ের মধ্যে ১০,০০০ হাজার শিশুর সীতার প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করা হবে।

১১। মন্তব্য/মতামত

- : কর্মসূচির আওতায় শিশুদের সীতার প্রশিক্ষণ কার্যক্রমটি সন্তোষজনকভাবে পরিচালিত হচ্ছে মর্মে প্রতীয়মান হয়। কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নের সাথে জড়িত “পিপলস এডুকেশন হেলথ এ্যান্ড ডেভেলপমেন্ট (পিইএইচডি) ফাউন্ডেশন”-এর সকল সদস্যকে কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নে আন্তরিক মনে হয়েছে। চলতি অর্থ বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষমাত্রা অনুযায়ী প্রশিক্ষণসহ সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া হলো।


০২.০৩.২০২০
(তানজিনা ইসলাম)
উপসচিব (শিশু ও সমন্বয়)
ও
সভাপতি, মনিটরিং টিম।